W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

06998

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. BISHNUPUR P.S. JOYPUR Year 2020 FIR No. 71/20 Date 21.8.20
2. (i) Act IPC Sections 323/325/326/307 (ii) Act 201/120B/506/34 Sections
   (iii) Act Sections Other Acts & Sections
3. (a) General Diary Reference : Entry No. 863 Time 18.45 HRS
   (b) Occurrence of Offence : Day SUNDAY Date 09/08/2020 Time IN BETWEEN 17.00 HRS AND 17.30 HRS
   (c) Information Received Date 21.08.2020 Time 18.45 HRS
   G.D. No. 863 at the Police Station :
4. Type of information : Written / Oral – WRITTEN
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. APPROX 14 KM NORTHERN SIDE FROM THE P.S.
   (b) Address JL NO- 89, ANCHAL NO- III HETIA GP ON THE BANK OF DWARKESWAR RIVER, CHANDIPUR PS- JOYPUR DIST- BANKURA.
   (c) In case outside limit of this Police Station, then the name of P.S. ×
   District ×
6. Complaint / Information :
   (a) Name HARISADHAN CHOWDHURY
   (b) Father's / Husband's Name LT. SHAKTIPADA CHOWDHURY
   (c) Date / Year of Birth NOT NOTED
   (d) Nationality INDIAN
   (e) Address VILL- CHANDIPUR PS- JOYPUR DIST- BANKURA.
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars. (1) DINABANDHU CHOWDHURY (2) KRISHNAPADA
   (Attach separate sheet, if necessary) CHOWDHURY BOTH S/O LT. RABINDRANATH CHOWDHURY
8. Reasons for delay in reporting by complaint / informant (3) BANI CHOWDHURY W/O LT HARADHAN CHOWDHURY (4) SANCHITA CHOWDHURY W/O KRISHNAPADA CHOWDHURY ALL OF VILLAGE- CHANDIPUR PO- BANSHICHANDIPUR PS- JOYPUR DIST- BANKURA.
9. Particulars of properties stolen / involved : (attach seperate sheet, if required) :
10. Total value of Properties stolen / Involved :
11. Inquest report / U.D. : Case No. if any : DOES NOT ARISE.
12. FIR Contents : (Attach separate Sheet, if required) THE ORIGINAL WRITTEN COURT COMPLAINT OF THE COMPLAINANT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HEREWITH.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 323/325/326/307/201/120B/506/34 IPC.
   I SI PRABHAT BISWAS O.C. JOYPUR PS.
   registered the case and tookup the investigation / directed ASI AMAL KR BANERJEE OF JOYPUR PS.
   to take up the investigation
   transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

AVAILABLE IN THE ORIGINAL COURT COMPLAINT.

Signature / Thumb Impression of
the Complainant / Informant

(Signature) 21.08.2020.

Signature of the Officer-In-Charge, Police Station with
Name : PRABHAT BISWAS
Rank : Officer-In-Charge / POLICE, O/C JOYPUR PS
Number if any : 21.08.2020.
Joypur Police Station
Dist - Bankura

Court of the Additional Chief Judicial Magistrate
17 AUG 2020
TEN RUPEES

by
N. Khatun
Adv

Nagma Khatun
Advocate
Bishnupur Court
Bishnupur, Bankura

In The Court of the Ld ACJM Bishnupur
Bishnupur Dist - Bankura

case No - 68 /2020

বাদীর নাম ও ঠিকানা:-

হরিসাধন চৌধুরী বয়স আ: ৫৩ বৎসর, পিতা - শান্তিপদ চৌধুরী
গ্রাম - চন্দ্রীপুর, পো: - বাঁশী চন্দ্রীপুর, থানা - জয়পুর, জেলা - বাঁকুড়া।

আসামীগনের নাম ও ঠিকানা:-

1) দীনবন্ধু চৌধুরী বয়স আ: -৭৪ বৎসর, পিতা - ৺ রবীন্দ্রনাথ চৌধুরী
২) কৃষ্ণপদ চৌধুরী বয়স আ: -৫1 বৎসর, পিতা - ৺ রবীন্দ্রনাথ চৌধুরী
৩) বানী চৌধুরী বয়স আ: -৫৭ বৎসর স্বামী - ৺ হারাধন চৌধুরী
৭) সঞ্চিতা চৌধুরী বয়স আ: ৭০ বৎসর স্বামী - কৃষ্ণপদ চৌধুরী
সকলের গ্রাম - চন্দ্রীপুর, পো: - বাঁশী চন্দ্রীপুর, থানা - জয়পুর
জেলা - বাঁকুড়া

সাক্ষীগনের নাম ও ঠিকানা:-

1) উদয় চৌধুরী পিতা - ৺ শান্তিপদ চৌধুরী
২) মানস চৌধুরী পিতা - ৺ শান্তিপদ চৌধুরী
৩) শ্রীকান্ত মাজি পিতা - অশ্বিনী মাজি
৭) ভেজহরি মাজি পিতা - ৺ ধরনী মাজি
5) অরূপ চৌধুরী পিতা - কংশী চৌধুরী
6) নির্মল মাজি পিতা - হন্তু মাজি
7) সুনীল মাজি পিতা - লালু মাজি
8) নারায়ণ মাজি পিতা - ভূতনাথ মাজি
9) জয়রাম মাজি পিতা - টিকু মাজি সকলের
গ্রাম - চন্দ্রীপুর, পো: - বাঁশী চন্দ্রীপুর, থানা - জয়পুর, জেলা - বাঁকুড়া
10) জয়পুর ব্লক প্রাইমারি হেলথ সেন্টারের ডাক্তারবাবু
জয়পুর - পো: ও থানা - জয়পুর, জেলা - বাঁকুড়া
11) বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু
বিষ্ণুপুর, পো: ও থানা - বিষ্ণুপুর, জেলা - বাঁকুড়া
12) ডা: কৌশিক মন্ডল (বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু)
চেম্বার — অলকা মেডিকেল, রসিকগঞ্জ, বিষ্ণুপুর
13) বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু
বিষ্ণুপুর পো: ও থানা - বিষ্ণুপুর, জেলা - বাঁকুড়া
14) জয়পুর থানার ভারপ্রাপ্ত দারোগা বাবু
জয়পুর পো: ও থানা - জয়পুর, জেলা - বাঁকুড়া
আরো অনেক সাক্ষী আছে আবশ্যক হলে পরে নাম দিব।
পরপাতা - ২

Received on 21.08.2020 at 19.45 hrs
and started Joypur PS Case No - 71/20
dtd. 21.08.20 u/s 323/325/326/307/201/120B/506/34 IPC.
21.08.2020
Officer-in-Charge
Joypur Police Station
Dist - Bankura

পাতা - ২

by N. Khatun Adv.

Nagma Khatun
Advocate
Bishnupur Court
Bishnupur, Bankura

<u>ঘটনার তারিখ ও সময় :-</u>
গত - ইং - ০৭/০৪/২০২০ তারিখ।
সময় আঃ - বিকাল 5-০০টা/5-30টা নাগাদ।

<u>মোকর্দ্দমার ধারাদি :-</u>
ভারতীয় দন্ডবিধি আইনের ৩২৩/৩২5/৩২6/307/২01/1২0B/
506/৩4 ।

মহাত্মন,

উপরোক্ত মোকর্দ্দমায় বাদীর বিনীত নিবেদন এই যে, বাদী একজন অতিশয় নিরীহ শান্তিপ্রিয় আইনমান্যকারী সুনাগরিক হইতেছে। পক্ষান্তরে আসামীগন দুর্দান্ত গুন্ডা প্রকৃতির অসামাজিক ধনুজ্জর কুটক্রী ক্রিমিনাল হইতেছে। উক্ত সকল আসামীগন তাহাদের বসতঃ বাড়ির ছাদের জল, পায়খানা বাথরুমের জল, ড্রেন সাবমারসাবেল এর অতিরিক্ত বর্দ্ধিত জল, এবং বাড়ির ও আশেপাশের আবর্জনা জঞ্জাল প্রভৃতি আসামীগনের বসতঃ বাড়ির সংলগ্ন বাদীর চাষাবাদের সদ্য রোপন করা ধান জমিতে ইচ্ছাকৃতভাবে ফেলিয়া বাদীর সদ্য রোপন করা ধান চারাগাছ পা দিয়া থেতলে ক্ষতি নষ্ট করিলে বাদী গত ইং ০৪/০৪/২০২০ তারিখ উক্ত আসামীগনকে উক্ত রূপ অন্যায় কার্য করিতে বাধা নিষেধ করিলে উক্ত আসামীগন বাদীকে অশ্লীল অশ্রাব্য ভাষায় গালি গালাজ করে ও মারধোর রক্তাক্ত খুন জখম করিতে উদ্যত হয়, লোকজন জুটে যাইলে বাদী প্রাণে রক্ষা পায়। আসামীগন প্রকাশ্যে হুমকি দেয় যে লোকজন জুটে যাওয়ায় বাদী প্রাণে বেঁচে গেল তবে বাদীকে ফাঁকায় কাছে মোকায় পেলে প্রাণে হত্যা করিয়া দিবে কেহ বা কাহারাও বাঁচাইতে পারিবে নাই। বাদী ঘটনার তারিখ ও সময়ে বাদীর বসতঃ বাড়ি হইতে আঃ এক কিলোমিটার দূরে দ্বারকেশ্বর নদীর পাড়ে একাকী হাঁটাহাটি শরীরের হাত পা ইত্যাদি নাড়ানাড়ির ব্যায়াম করিতেছিল। উক্ত সকল আসামীগন পূর্ব আক্রোশবশতঃ পূর্বপরিকল্পনা অনুযায়ী ষড়যন্ত্র ও চক্রান্তমতে বাদীকে মারধোর রক্তাক্ত খুনের চেষ্টা করিবার উদ্দেশ্য ও মানসে সুযোগ বুঝিয়া একযোগে দলবদ্ধ হইয়া দ্বারকেশ্বর নদীর পাড় বাঁধা আঃ দুই/তিন কেজি ওজনের পাথর হাতে লইয়া বাদীর উপর চড়াও হয়ে বাদীকে আক্রমন করে, বাদী কিছু বুঝে উঠার আগেই আসামীগনের হাতে থাকা পাথর দিয়া বাদীর মাথায় কপালে চোখে মুখে ঘাড়ে বাদীকে খুন করিবার উদ্দেশ্য চেষ্টায় আঘাত করতে থাকে, সকল আসামীগনের পাথরের আঘাতে বাদীর মাথা কপাল নাক মুখ কেটে ফেটে থেতো হয়ে রক্ত ঝরতে থাকে, উক্ত আসামীগনের পাথরের আঘাতে বাদী রক্তাক্ত হইয়া গুরুতর মরনাপন্ন ভাব জখম হইয়া পাড়ের বালির উপর লুটিয়ে পড়ে। উক্ত সকল আসামীগন বাদী প্রাণে শেষ হইয়া গিয়াছে ভাবিয়া বাদীর মৃত দেহ লাশ গায়েব করিয়া দিবার এবং সাক্ষী সাবুদ প্রমান লোপ করিয়া দিবার অভিপ্রায়ে ও উদ্দেশ্য সকল আসামীগন দ্বারকেশ্বর নদীর পাড় হইতে 100/150 ফুট নীচে বালি খাদানের গভীর গর্ত গাড্ডায় জলদেশের অতল গহ্বরে বাদীকে ফেলে দেয়। উক্ত সকল আসামীগন বাদীকে দ্বারকেশ্বর নদীর পাড় বাঁধা মারাত্মক এবড়ো খেবড়ো ধারালো পাথর দিয়া মারধোর রক্তাক্ত জখম খুন করিয়া নদীর পাড় হইতে 100/150 ফুট নীচে বালি খাদানের গভীর গর্ত অতল গহ্বর গাড্ডায় ফেলে দেওয়া সকল সাক্ষীগন দেখিতে

(পরপাতা - ৩)

Additional Chief Judicial ...
FILED
17 AUG 2020

by
N. Khatun
Adv

Nagma Khatun
Advocate
Bishnupur Court
Bishnupur, Bankura

পাইয়া ছুটে আসে, আসামীগন বেগতিক দেখিয়া পলায়ন করিবার
চেষ্টা করে কিন্তু সাক্ষীগন আসামীগনকে হাতে নাতে ধরে আটক করে
রাখে এবং সাক্ষীগন কে কোথায় আছো বাদীকে আসামীগন মেরে ফেলেছে
বলিয়া উচ্চস্বরে চিৎকার করিলে ৫০০/500 লোকজন ছুটে যায়,
সাক্ষীগন ও ৫০০/500 লোকজনে আসামীগনের উপর চড়াও না হইয়া ও
আইন নিজেদের হাতে তুলে লইবে নাই বলিয়া সত্বর বাদীকে বাঁচানো
-র চেষ্টায় খাদে নামার ও খাদ থেকে তোলার সরঞ্জাম প্রস্তুতে অগ্রনি
ভূমিকা পালন কার্য করিতে থাকে, প্রচুর লোকজন এর সাহায্য সহযোগি-
-তায় বাদীকে মৃতপ্রায় অবস্থায় গভীর গর্ত অতল গহ্বর বালি খাদানের
গাড্ডা হইতে তুলে প্রানে বাঁচায়; তৎস্থানে আসামীগন সুযোগ বুঝিয়া
ঘটনাস্থল হইতে পলায়ন করে। বাদী ঘটনার দিন অর্থাৎ ০৭/০৪/২০২০
তারিখে রাত্রিবেলায় ঘটনার বিষয় লিখিত অভিযোগ জয়পুর থানায়
দাখিল করিয়া Received copy চাহিলে থানার Duty officer -
Received copy দেওয়া যাবে নাই তবে ঘটনার বিষয় তদন্ত করিয়া
দেখিব বলিয়া আশ্বাস দেয়। বাদী জয়পুর ব্লক প্রাইমারি হেল্থ
সেন্টারে চিকিৎসার জন্য ভর্তি হয়, জয়পুর ব্লক প্রাইমারি হেল্থ
সেন্টারের ডাক্তার বাবু বাদীর চিকিৎসা করেন, বাদীর শারিরীক -
অবস্থার দ্রুত অবনতি হওয়া দেখিয়া বাদীকে বিষ্ণুপুর জেলা -
হাসপাতালে স্থানান্তরিত করিলে বাদী বিষ্ণুপুর হাসপাতালে ভর্তি
হয়। বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু চিকিৎসা করেন,
তৎসময় বিষ্ণুপুর জেলা হাসপাতালে Covid-19 করোনা ভাইরাসের
আক্রমনের ভয়ে বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু বাড়িতে
থাকিয়া আসা যাওয়া করিয়া চিকিৎসা করাইবার পরামর্শ দেন।
বাদী বাড়ি আসিলে পরদিন শারিরীক অবস্থার অবনতি হইতেছে
দেখিয়া বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তার বাবু কৌশিক -
-মন্ডল মহাশয়কে বিষ্ণুপুর রসিকগঞ্জ অঞ্চলা মেডিক্যাল এর
চেম্বারে দেখাইলে ডাক্তার বাবু বাদীর শারিরীক অবস্থা খারাপ
দেখিয়া পুনরায় বিষ্ণুপুর জেলা হাসপাতালে Emergency admission
করিতে হইবে লিখিয়া দিলে বাদী বাধ্য হইয়া বিষ্ণুপুর জেলা -
হাসপাতালে admission হয় এবং চিকিৎসা চলতে থাকে। উক্ত-
রূপ Covid-19 ব্যাপকভাবে Bishnupur -এ আক্রান্ত হইতেছে দেখিয়া
বিষ্ণুপুর জেলা হাসপাতালের ডাক্তারবাবু গত ১২/০৪/২০২০ তারিখে
Discharge করিয়া দেন এবং বাড়িতে থাকিয়া Bishnupur Zila
Hospital -এর ডাক্তার বাবুর চেম্বারে চিকিৎসা করাইবার পরামর্শ
দেন নচেৎ Covid-19 -এ আক্রান্ত হতে পারে বলে আশঙ্কা করে
তজ্জন্য বাদী গুরুতর জখম অবস্থায় বাড়িতে থাকিয়া ডাক্তার বাবুর
চিকিৎসায় চিকিৎসাধীন আছে। বাদী জয়পুর থানা হইতে Received
copy না পাওয়ায় এবং থানার দারোগা বাবুর ঘটনার বিষয় দেখি-
-বার অনুৎসাহ দেখিয়া বাদী ঘটনার বিষয় লিখিত অভিযোগ
গত ইং ১২/০৪/২০২০ তারিখে Register with AD মাধ্যমে ডাকযোগে
প্রেরন করেন এবং কোনো সুরাহা হয় নাই দেখিয়া সুবিচার -
পাওয়ার আশায় ঘটনার বিষয় লিখিত অভিযোগ Register with
A D মাধ্যমে ডাকযোগে মাননীয় SP Bankura মহাশয়ের নিকট

(পরপাতা- 4)

পাতা-৫

FILED 17 AUG 2020

দাখিল করা হইল ১৭/৮/২০

by N. Khatun Adv

Nagma Khatun
Advocate
Bishnupur Court
Bishnupur, Bankura

বাদী প্রেরণ করেন। অদ্যবধি উক্ত অভিযুক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা না লওয়ায় বা না হওয়ায় বাদী বাধ্য হইয়া অত্র অভিযোগ মাননীয় আদালতে দায়ের করিলেন। বাদী বিচার প্রার্থনা করেন সাক্ষীগন ঘটনার বিষয় সম্বন্ধে অবগত আছেন, বাদীর শারীরিক ও মানসিক অবস্থা ভালো না থাকায় ও পুলিশের উপর ভরসা করায় বাদীর অত্র অভিযোগ দায়ের এ কিছুটা বিলম্ব হইল। অত্রসহ বাদীর চিকিৎসার সমস্ত ডকুমেন্ট জেরক্স সহকারে দাখিল করা হইল।

## প্রার্থনা

বাদীর দাখিলিত অত্র দরখাস্ত তথা Petition of complaint FIR গণ্যে জয়পুর থানার O/C বরাবরে ফৌঃ কাঃ বিঃ আইনের 156(3) ধারামতে প্রেরণ করিয়া মোকদ্দমার সরজমিন তদন্ত করিবার ও উক্ত সকল অভিযুক্ত ব্যক্তিগণের উক্ত রূপ অপরাধের সমুচিত দন্ড দিবার সুব্যবস্থা প্রদানের আদেশ দিয়া সুবিচারের মর্জি হয়। নিবেদন ইতি তাং ইং- 17/08/2020